

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সিলেট সরকারি কলেজ, সিলেট।

২০২৩ সালের এইচ এস সি প্রাইভেট পরীক্ষা সংক্রান্ত তথ্য (সময় বর্ধিতকরণ)

তারিখঃ ১৫.০৫.২০২৩

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, সিলেট এর আওতাধীন ২০২৩ সালের এইচ এস সি প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি কার্যক্রম নিম্নলিখিত নিয়মাবলী অনুযায়ী সম্পন্ন করা হবে।

০১. পরীক্ষার্থীদের কে অবশ্যই ২০১৮ সালে অথবা তার পূর্বে এসএসসি/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
০২. বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে ২০১৭ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা বা তৎপূর্ববর্তী।
০৩. ২০২৩ সালের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচী অনুযায়ী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।
০৪. পুলিশ, প্রতিরক্ষা ও শিক্ষকতা পেশায় কর্মরত এবং অধিব্যতীত সকল পর্যায়ে প্রাইভেট পরীক্ষার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
০৫. কেবল মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় পরীক্ষা দিতে পারবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ছাড়া যে সমস্ত বিষয়ে ব্যবহারিক পরীক্ষা আছে সে সমস্ত বিষয় নিতে পারবেনা এবং ৪র্থ বিষয় নিতে পারবে না।
০৬. রেজিস্ট্রেশন ফরমের সাথে নিম্নোক্ত কাগজাদি জমা দিতে হবেঃ-

ক) এসএসসি/সমমান পরীক্ষার মূলনম্বরফর্দ/ একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও ফটোকপি- ০১ কপি।

খ) ইতোপূর্বে প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে মূল প্রবেশপত্র।

গ) পাঠ বিরতির প্রত্যয়নপত্র ও চারিত্রিক সনদপত্র।

ঘ) ৪কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি।

ঙ) শিক্ষক প্রার্থীর ক্ষেত্রে একাধিক্রমে কমপক্ষে ০৩ বছর শিক্ষকতা পেশায় কর্মরত রয়েছে মর্মে প্রতিষ্ঠান প্রধানকর্তৃক প্রত্যয়ন জমা দিতে হবে।

চ) পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীর ক্ষেত্রে কমপক্ষে ১ বছর যাবত সক্রিয়ভাবে চাকুরীতে আছে এ মর্মে পুলিশ সুপার/কমান্ডিং অফিসারের সমপর্যায়ের কর্মকর্তার নিকট হতে সীলমোহরযুক্ত সার্টিফিকেট দিতে হবে।

ছ) প্রার্থীর মোবাইল নম্বর ও ঠিকানাসহ প্রয়োজনীয় কাগজপত্রাদি ১০" X ১২" খামে জমা দিতে হবে।

জ) ০১ বিষয়ে অকৃতকার্যদের মূল রেজিঃকার্ড, মূল প্রবেশপত্র ও ০১ বিষয়ে অকৃতকার্যের মার্কশীট এর অনলাইন কপি জমা দিতে হবে।

০৭. পরীক্ষার ফি এর হারঃ-

১.	অনুমতি ও রেজিস্ট্রেশন ফি	২৫০/-
২.	রোভার স্কাউটস ফি	১৫/-
৩.	ব্যবস্থাপনা ফি	৫০/-
০৪	নির্বাচনী পরীক্ষা ফি	৪৪০/-
০৫	অধিভুক্তি ফি	১০০/-
	সর্বমোট=	৮৫৫/-

সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে ফি পরিশোধ করতে হবে। ফরমের উপরে ট্রানজেকশন আইডি স্পষ্টাক্ষরে লিখতে হবে।

০৮. পরীক্ষার্থী নিম্নলিখিত গুচ্ছ অনুযায়ী বিষয়সমূহ গ্রহণ করতে পারবে।

আবশ্যিক বিষয়ঃ বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।

মানবিকঃ- ক) অর্থনীতি, পৌরনীতি, যুক্তিবিদ্যা, ইসলাম শিক্ষা, সমাজকর্ম এবং ইতিহাস/ ইসঃইতিহাস।

(যে কোন তিনটি বিষয় নিতে হবে)

খ. ব্যবসায় শিক্ষাঃ- হিসাববিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ফিন্যান্স

০৯. আবেদনপত্র সংগ্রহ ও দাখিলের সময়ঃ ২৫.০৫.২০২৩ তারিখ পর্যন্ত প্রতিদিন ১১.০০টা হতে দুপুর ১.৩০ মিনিট পর্যন্ত কলেজের হিসাব শাখায় জমা দিতে হবে।

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সিলেট সরকারি কলেজ, সিলেট।
সিলেট সরকারি কলেজ, সিলেট।